

## স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ তাহাজ্জুদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## তাহাজ্বদের সময়

তাহাজ্বদ নামাযের সময় শুরু হয় এশার নামাযের পর থেকে এবং শেষ হয় ফজর উদয় হওয়ার সাথে সাথে। রাতের প্রথমাংশে, মধ্য রাতে এবং শেষাংশে যে কোন সময়ে তাহাজ্বদ পড়া যায়। হযরত আনাস (রাঃ) বলেন, 'আমরা রাতের যে কোন অংশে নবী (ﷺ) কন নামায পড়তে দেখতে চাইতাম, সেই সময়ই দেখতে পেতাম, তিনি নামায পড়ছেন। আবার রাতের যে কোন অংশে আমরা তাঁকে ঘুমন্ত অবস্থায় দেখতে চাইতাম, তখনই আমরা দেখতে পেতাম, তিনি ঘুমিয়ে আছেন।' (আহমাদ, মুসনাদ, বুখারী, নাসাঈ, সুনান, মিশকাত ১২৪১নং) সুতরাং এ কথা স্পষ্ট যে, এশার পর থেকে নিয়ে ফজর পর্যন্ত সময়ের ভিতরে তাহাজ্বদের জন্য কোন নির্দিষ্ট সময় নেই। অবশ্য আফ্যল বা উত্তম সময় হল, রাতের শেষ তৃতীয়াংশ।

মহানবী (ﷺ) বলেন, "আল্লাহ তাআলা প্রত্যহ্ রাত্রের শেষ তৃতীয়াংশে নীচের আসমানে অবতরণ করেন এবং বলেন, "কে আমায় ডাকে? আমি তার ডাকে সাড়া দেব। কে আমার নিকট প্রার্থনা করে? আমি তাকে দান করব। এবং কে আমার নিকট ক্ষমা চায়? আমি তাকে ক্ষমা করব।" (বুখারী, মুসলিম, সুনানু আরবাআহ (আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ ও ইবনে মাজাহ্), মিশকাত ১২২৩নং)

তিনি বলেন, "শেষ রাতের গভীরে প্রতিপালক নিজ বান্দার সবচেয়ে বেশী নিকটবর্তী হন। সুতরাং তুমি যদি ঐ সময় আল্লাহর যিক্রকারীদের দলভুক্ত হতে সক্ষম হও, তাহলে তা হয়ে যাও।" (তিরমিয়ী, সুনান, নাসাঈ, সুনান,হাকেম, মুস্তাদরাক, ইবনে খুয়াইমাহ, সহীহ, জামে ১১৭৩নং)

তাঁকে জিজ্ঞাসা করা হল যে, কোন্ সময়ের তাহাজ্জুদ সব চাইতে উত্তম? উত্তরে তিনি বললেন, "বাকী (শেষ) রাতের গভীরে (যা পড়া হয়)। আর খুব কম লোকই তা (ঐ সময়) পড়ে থাকে।" (আহমাদ, মুসনাদ)

সূর্য অস্ত যাওয়ার পর থেকে ফজর উদয় হওয়ার আগের সময়কে তিন ভাগে ভাগ করলে রাত্রির শেষ তৃতীয়াংশ বুঝা যায়।রাত্রের শেষাংশে মোরগ যখন বাং দেয় তখন উঠলেও তাহাজ্জুদ পড়া যায়। মহানবী (ﷺ) কখনো কখনো এই সময় উঠতেন। (বুখারী, মুসলিম, মিশকাত ১২০৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3023

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন